# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

কর্মী কল্যাণ ও পরিবহন বিভাগ।

প্রশাসন পরিপত্র নং ১৭/১৭ তারিখ ঃ ২১-০৮-২০১৭ইং

বিষয় ঃ বাংলাদেশ কৃষি ব্যাংকের কর্মকর্তা /কর্মচারীদের মৃত্যু পরবর্তী অনুদান প্রকল্পের অনুদানের পরিমান পুনঃ নির্ধারণ প্রসঙ্গে।

অত্র ব্যাংকে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের জন্য ইতিপূর্বে প্রবর্তিত গোষ্ঠী বীমা প্রকল্পের পরিবর্তে মৃত্যু পরবর্তী অনুদান প্রকল্প সংক্রান্ত সাধারণ সেবা বিভাগ হতে জারীকৃত ১৮-০৯-১৯৯০ তারিখের প্রশাসন পরিপত্র নং ৫০/৯০ এবং ১১-০২-২০০২ তারিখের প্রশাসন পরিপত্র নং ০৭/২০০২ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। ব্যাংকের পরিচালনা পর্ষদের ২০-০৭-২০১৭ তারিখে অনুষ্ঠিত ৬৮৯তম সভায় মৃত্যু পরবর্তী অনুদানের সিলিং পুনঃ নির্ধারনের একটি প্রস্তাব বিবেচনার জন্য উপস্থাপন করা হলে পরিচালনা পর্ষদ কর্তৃক ৬৮৯তম সভার সিদ্ধান্ত মোতাবেক কর্মকর্তা/ কর্মচারীদের জন্য "মৃত্যু পরবর্তী অনুদান প্রকল্প" এর অনুদানের পরিমান নিম্নরূপ ভাবে পুনঃ নির্ধারন করা হয় ঃ

( লক্ষ টাকায়)

| ক্রঃ নং | কর্মকর্তা/কর্মচারীর পদবী/শ্রেণী | মৃত্যু পরবর্তী অনুদানের পুনঃ নির্ধারিত পরিমান |
|---|---|---|
| ০১। | মহাব্যবস্থাপক ও তদুর্ধ কর্মকর্তা | ১০.০০ |
| ০২। | উপমহাব্যবস্থাপক | ৮.৫০ |
| ০৩। | সহকারী মহাব্যবস্থাপক/উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা | ৭.৫০ |
| ০৪। | মুখ্য কর্মকতা | ৬.৫০ |
| ০৫। | উর্ধ্বতন কর্মকর্তা/কর্মকর্তা | ৬.০০ |
| ০৬। | সুপারভাইজার/উপসহকারী প্রকৌশলী/ নিম্নমান সহকারী ও সমমানের তৃতীয় শ্রেণীর কর্মচারী | ৫.৫০ |
| ০৭। | পিয়ন/চৌকিদার ও সমমানের ৪র্থ শ্রেণী কর্মচারী | ৫.০০ |

০৩। মৃত্যু পরবর্তী অনুদানের পুনঃ নির্ধারিত হার/পরিমান ০১-০৭-২০১৭ তারিখ ও পরবর্তী সময়ে কোন কর্মকর্তা/কর্মচারী চাকুরীরত অবস্থায় মৃত্যুর ক্ষেত্রে উপরোক্ত হার/পরিমান কার্যকর হবে। তবে ০১-০৭-২০১৭ তারিখের পূর্বে কোন কর্মকর্তা ও কর্মচারী চাকুরীরত অবস্থায় মৃত্যুর ক্ষেত্রে ইতোপূর্বে জারীকৃত প্রশাসন পরিপত্র নং ০৭/২০০২ তারিখ ১১-০২-২০০২ মোতাবেক নিম্নবর্ণিত হারে মৃত্যু পরবর্তী অনুদান প্রাপ্য হবেন।

( লক্ষ টাকায়)

| ক্রঃ নং | কর্মকর্তা/কর্মচারীর পদবী/শ্রেণী | মৃত্যু পরবর্তী অনুদানের নির্ধারিত পরিমান/হার |
|---|---|---|
| ০১। | মহাব্যবস্থাপক ও তদুর্ধ কর্মকর্তা | ৮.০০ |
| ০২। | উপমহাব্যবস্থাপক | ৬.৫০ |
| ০৩। | সহকারী মহাব্যবস্থাপক/উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা | ৫.২৫ |
| ০৪। | মুখ্য কর্মকতা | ৪.০০ |
| ০৫। | উর্ধ্বতন কর্মকর্তা/কর্মকর্তা | ৩.২৫ |
| ০৬। | এম,এন,এস ৫৫০-৯৬৫/-(জাতীয় বেতন স্কেল ১৯৯৭ এর ১৫৬০-২৬৯৫/-) এর উপর কিন্তু এম, এন, এস, ১৩৫০-২৭৫০/-( জাতীয় বেতন স্কেল ১৯৯৭ এর ৩৪০০-৬৬২৫/-) এর নিম্নে সকল কর্মচারী। | ২.৫০ |
| ০৭। | এম,এন,এস ৫৫০-৯৬৫/-(জাতীয় বেতন স্কেল ১৯৯৭ এর ১৫৬০-২৬৯৫/-) এর নিম্নে সকল কর্মচারী। | ২.০০ |

০৪। মৃত্যু পরবর্তী অনুদান প্রদানের পদ্ধতি ঃ

(ক) মনোনয়ন সংক্রান্ত ঃ কর্মকর্তা ও কর্মচারীর মৃত্যু পরবর্তী অনুদানের সুবিধা প্রাপ্তির নিমিত্তে প্রত্যেক কর্মকর্তা ও কর্মচারীকে চাকুরীরত অবস্থায় তাঁর পরিবারের এক বা একাধিক সদস্যকে ব্যাংকের নির্ধারিত মনোনয়ন ফরমে মনোনয়ন দান করে নিয়ন্ত্রনকারী কর্তৃপক্ষের মাধ্যমে ব্যক্তিগত নথিতে সংরক্ষনের জন্য প্রেরণ করতে হবে। কর্মকর্তা ও কর্মচারীর মৃত্যু পরবর্তী অনুদানের ক্ষেত্রে মনোনয়ন অনুসারে মনোনীত ব্যক্তি(গন) বিধি মোতাবেক উক্ত সুবিধা প্রাপ্য হবেন।

চলমান পাতা-০২

(খ) মনোনয়নের মুলকপি সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীর ব্যক্তিগত নথিতে সংরক্ষন থাকতে হবে।

(গ) কোন কর্মকর্তা ও কর্মচারীর মৃত্যু পরবর্তী অনুদান গ্রহণের জন্য কোন মনোনয়নপত্র না থাকলে মৃত্যু ব্যক্তির ওয়ারীশগনদেরকে আদালত কর্তৃক সাকসেশন সার্টিফিকেট গ্রহণ করতে হবে।

(ঘ) কোন কর্মকর্তা/কর্মচারীর মনোনীত ব্যক্তি(গণ)কে উল্লেখিত অনুদান পাওয়ার জন্য নির্ধারিত আবেদনপত্রে প্রয়োজনীয় কাগজপত্রসহ মৃত কর্মকর্তা ও কর্মচারীর সর্বশেষ কর্মস্থলে আবেদন দাখিল করতে হবে, যা সংশ্লিষ্ট নিয়ন্ত্রনকারী কর্তৃপক্ষ (মুখ্য আঞ্চলিক কার্যালয়/আঞ্চলিক কার্যালয়/বিভাগীয় কার্যালয়/বিভাগীয় নিরীক্ষা কার্যালয়) এর মাধ্যমে সুপারিশসহ প্রস্তাব বিকেবি, প্রধান কার্যালয়ের উপমহাব্যবস্থাপক কর্মী কল্যাণ ও পরিবহন বিভাগ বরাবরে প্রেরণ করতে হবে।

(ঙ) <u>মৃত্যু পরবর্তী অনুদান গ্রহণের ক্ষেত্রে নিম্নেবর্ণিত কাগজপত্র দাখিল করতে হবেঃ-</u>

(১) মৃত্যু পরবর্তী অনুদান গ্রহণের আবেদনপত্র।
(২) অনুমোদিত ডাক্তার, হাসপাতাল কর্তৃপক্ষের নিকট হতে মৃত্যুর সনদপত্র (ডেথ সার্টিফিকেট)।
(৩) মনোনয়নপত্রের মুল কপি।
(৪) মনোনয়নপত্রের মুল কপি না থাকলে আদালত কর্তৃক সাকসেশন সার্টিফিকেট ।
(৫) হাল নাগাদ দায়দেনার প্রত্যায়নপত্র।
(৬) দায়দেনা কর্তনের ক্ষমতাপত্র।
(৭) সর্বশেষ বেতনের প্রত্যয়নপত্র।
(৮) স্ত্রীর ক্ষেত্রে পুনঃ বিবাহ আবদ্ধ নহে এ মর্মে প্রত্যয়নপত্র।
(৯) মৃত্যু সংক্রান্ত প্রতিবেদন (নিয়ন্ত্রনকারী কর্তৃপক্ষ কর্তৃক)।

০৫। <u>মঞ্জুরী ক্ষমতা</u> ঃ সাবেক সাধারণ সেবা বিভাগের ২১-১১-১৯৯০ তারিখের জারীকৃত প্রশাসন পরিপত্র নং ৬৬/৯০ এর মাধ্যমে তৃতীয় ও চতুর্থ শ্রেনীর কর্মচারীদের মৃত্যু পরবর্তী অনুদান মঞ্জুরী ক্ষমতা মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদয়ের এবং দ্বিতীয় শ্রেনী ও তদুর্ধ কর্মকর্তাদের ক্ষেত্রে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের উপর ন্যাস্ত আছে। প্রধান কার্যালয়ের কর্মী কল্যাণ ও পরিবহন বিভাগ এর মাধ্যমে কর্মকর্তা ও কর্মচারীদের মৃত্যু পরবর্তী অনুদান মঞ্জুরীর প্রস্তাব মঞ্জুরকারী কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করতে হবে।

০৬। এ ছাড়া মৃত্যু পরবর্তী অনুদান প্রদানের বিষয়ে ইতিপূর্বে ১৮-০৯-১৯৯০ তারিখে জারীকৃত প্রশাসন পরিপত্র নং ৫০/৯০ এর অন্যান্য বিষয়াবলি অপরিবর্তীত থাকবে।

অনুমোদনক্রমে-

ইঞ্জিঃ এ,কে,এম,ফেরদৌস আলম 22/08/17
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)

প্রকা/ককপবি-১৯(৩)অংশ-১/২০১৭-২০১৮/৭৮(১২০০) তারিখ ঃ ২১-০৮-২০১৭ইং

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ</u>

০১। চীফ ষ্টাফ অফিসার,ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়,বাংলাদেশ কৃষি ব্যাংক,প্রধান কার্যালয়,ঢাকা।
০২। ষ্টাফ অফিসার,উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২/৩ মহোদয়ের সচিবালয়,বিকেবি,প্রধান কার্যালয়,ঢাকা।
০৩। ষ্টাফ অফিসার,সকল মহাব্যবস্থাপকের দপ্তর,বাংলাদেশ কৃষি ব্যাংক/অধ্যক্ষ,বিকেবি,স্টাফ কলেজ,ঢাকা।
০৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/বিভাগীয় প্রধান/বাংলাদেশ কৃষি ব্যাংক,প্রধান কার্যালয়,ঢাকা। উক্ত পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেমস বিভাগকে অনুরোধ করা হলো।
০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা,বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক,কর্পোরেট শাখা,বাংলাদেশ কৃষি ব্যাংক(স্থানীয় মুখ্য কার্যালয়সহ)।
০৭। সকল আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা,বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। সকল শাখা ব্যবস্থাপক,বাংলাদেশ কৃষি ব্যাংক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।
০৯। সভাপতি/সাধারন সম্পাদক,কর্মচারী ইউনিয়ন(সিবিএ),বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০। নথি/মহানথি।

২১.০৮.১৭
মোঃ আমিরুল ইসলাম
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা

উপমহাব্যবস্থাপক
কর্মী কল্যাণ ও পরিবহন বিভাগ
বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিষয় ঃ মৃত্যু পরবর্তী অনুদান প্রকল্পের অধীনে প্রদেয় অনুদানের জন্য আবেদন।

মহোদয়,

আমি/আমরা (নাম)..............................................................পিতা/স্বামী...............................................
বাংলাদেশ কৃষি ব্যাংক.......................................................................শাখা/কার্যালয়ের মরহুম কর্মকর্তা/কর্মচারী
(নাম)............................................ পদবী........................... (ভঃতঃ সূচক নং.........................) এর
পোষ্য এবং বাংলাদেশ কৃষি ব্যাংকের "মৃত্যু পরবর্তী অনুদান প্রকল্পের " অধীনে প্রদেয় অনুদান প্রাপ্তির জন্য মনোনীত ব্যাক্তি।
উক্ত প্রকল্পের নীতিমালা অনুযায়ী আমাকে/আমাদেরকে অনুদান প্রদানের জন্য বিনীত অনুরোধ করছি।

স্বাক্ষর ঃ

স্বাক্ষর সত্যায়িত

(শাখা/কার্যালয় প্রধান)
সীলমহর

আপনার বিশ্বস্ত,

স্বাক্ষর ঃ
নাম ঃ
ঠিকানা ঃ

সংযুক্তি ঃ

(১) অনুমোদিত ডাক্তার, হাসপাতাল কর্তৃপক্ষের নিকট হতে মৃত্যুর সনদপত্র (ডেথ সার্টিফিকেট)।
(২) মনোনয়নপত্রের মুল কপি।
(৩) মনোনয়নপত্রের মুল কপি না থাকলে আদালত কর্তৃক সাকসেশন সার্টিফিকেট ।
(৪) হাল নাগাদ দায়দেনার প্রত্যায়নপত্র।
(৫) দায়দেনা কর্তনের ক্ষমতাপত্র।
(৬) সর্বশেষ বেতনের প্রত্যয়নপত্র।
(৭) স্ত্রীর ক্ষেত্রে পুনঃ বিবাহ আবদ্ধ নহে এ মর্মে প্রত্যয়নপত্র।
(৮) মৃত্যু সংক্রান্ত প্রতিবেদন (নিয়ন্ত্রনকারী কর্তৃপক্ষ কর্তৃক)।